শেখ হাসিনার উদ্যোগ

মুজিব শতবর্ষ


# নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া, নাটোর।।

টেলিঃ ০৭৭২৩-৫৬০৯৩ ,০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্সঃ ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল : natorepbs2hq@yahoo.com
web address: www. pbs2.natore.gov.bd


স্মারক নং-২৭.১২.৬৯১৫.৫১৩.০১.০৩৮.২০২৪. ৬২০

তারিখঃ ১০ মাঘ' ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী' ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **১০/১৪ এমভিএ ৩ফেজ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের ( ঝুঁকি বীমাসহ) দরপত্র (RFQ) আহবান।**

০১। নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ০১টি ১০/১৪ এমভিএ ৩ ফেজ পাওয়ার ট্রান্সফরমার ট্রেইলর এর মাধ্যমে সড়কপথে পরিবহন করে গুরুদাসপুর -১ উপকেন্দ্র, নারিবাড়ি,গুরুদাসপুর,নাটোর হতে তালশো,বড়াইগগ্রাম,নাটোর স্থানে অবস্থিত বড়াইগ্রাম-২(তালশো) উপকেন্দ্রে পরিবহণ ( লোডিং ও আন-লোডিংসহ) করে প্যাডে স্থাপন করতে হবে। ট্রান্সফরমারটি পরিবহনের ( ঝুঁকি বীমাসহ) পরিবহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | কাজের বিবরণ | পাওয়ার ট্রান্সফরমারের ওজন | সংখ্যা (টি) | প্রদত্ত দর (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | **ট্রেইলর এর মাধ্যমে সড়কপথে পরিবহণঃ**<br>১০/১৪ এমভিএ ৩ফেজ পাওয়ার ট্রান্সফরমার সড়কপথে গুরুদাসপুর-১উপকেন্দ্র, নারিবাড়ি, গুরুদাসপুর,নাটোর হতে তালশো,বড়াইগ্রাম নাটোরস্থ বড়াইগ্রাম-২(তালশো) উপকেন্দ্রে পরিবহণ , লোডিং ও আন-লোডিংসহ প্যাডে স্থাপন করতে হবে। পরিবহন কাজ প্রয়োজন অনুসারে রাস্তা,উচ্চক্ষমতাসম্পন্ন ক্রেন, ট্রেইলর, জ্যাক, কাঠের স্লিপার ইত্যাদি ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। ট্রান্সফরমার লোডিং ও আন-লোডিং এর ক্ষেত্রে যেখানে গমন পথে ড্রাইভারশন , রাস্তা নির্মান, রাইট অবওয়ে নিরসনে যে কোন ধরণের বাধা অপসারণ , পুনঃনির্মাণ ও ক্ষতিপূরণদান এবং উক্ত যন্ত্রপাতি পরিবহনসহ যাবতীয় ব্যয় অন্তর্ভূক্ত। উপকেন্দ্র হতে লোডিং এর পূর্বে HT বুশিং,লাইটনিং এ্যারেষ্টার কনজারভেটর এবং রেডিয়েটর খুলে বড়াইগ্রাম-২(তালশো) উপকেন্দ্রে পরিবহন এবং বড়াইগ্রাম-১(তালশো) উপকেন্দ্রে আনলোডিং শেষে পূনরায় লাগাতে হবে। একই সাথে লোডিং এর পূর্বে ট্রান্সফরমারের ভিতরের তৈল অপসারণ এবং আনলোডিং এর পর পূনরায় তৈল ভর্তি করতে হবে। সম্পূর্ণ পরিবহণের জন্য যে সকল পদ্ধতি, যানবাহন ও যন্ত্রপাতি ব্যবহার করা হবে তার উপযুক্ততা পূর্বেই সংশ্লিষ্ট দপ্তর হতে গ্রহণ করতে হবে। পাওয়ার ট্রান্সফরমার পরিবহন কাজে অভিজ্ঞতার সনদপত্র এবং বাপবিবো এর অনুমোদিত পরিবহন ঠিকাদারী লাইসেন্স থাকতে হবে।<br>দূরত্বঃ ২০ কিঃমিঃ (আনুমানিক)<br>ওজনঃ ১৯.৫ টন<br>আইটেম নংঃ GS-45 | ১৯.৫ টন | ০১টি | |
| ০২ | **১০/১৪ এমভিএ ৩ফেজ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের ঝুঁকি বীমাঃ**<br>ট্রান্সফরমারটি সড়কপথে গুরুদাসপুর-১ উপকেন্দ্র, নারিবাড়ি, গুরুদাসপুর,নাটোর হতে বড়াইগ্রাম-২(তালশো) উপকেন্দ্রে স্থাপন করতে হবে। পাওয়ার ট্রান্সফরমারটি পরিবহন ও হ্যান্ডিলিং কাজের ঝুঁকি বীমা করতে হবে। বাংলাদেশের প্রকৃত নিবন্ধিত বীমা কোম্পানী হতে বীমার সনদপত্র সংগ্রহ করতে হবে। বীমার অর্থ সমিতি কর্তৃক পরিশোধিত হবে। ১০/১৪ এমভিএ ৩ ফেজ পাওয়ার ট্রান্সফরমার ক্রয় মূল্য =১,৩৭,৮০,৫৯৫/= ( এক কোটি সাইত্রিশ লক্ষ আশি হাজার পাঁচশত পচাঁনব্বই টাকা মাত্র। | | | |

**দরপত্র প্রদানের স্থান ও সময়ঃ**

| | | |
|---|---|---|
| ০১ | RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ০৪/০২/২০২৪খ্রিঃ তারিখ রবিবার সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২ | RFQ জমা দেয়ার স্থান | পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, বনপাড়া, নাটোর। |
| ০৩ | RFQ খোলার তারিখ, সময় ও স্থান | ০৪/০২/২০২৪খ্রিঃ তারিখ রবিবার সকাল ১১.০৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, বনপাড়া, নাটোর। |

শর্তাবলীঃ

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন ( সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২,বনপাড়া, নাটোর এ ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন । নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা যাবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে ( যদি কেহ থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের সাথে অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। পাওয়ার ট্রান্সফরমার লোডিং,আন-লোডিং এবং পরিবহনের সময় কোন ক্ষয়-ক্ষতি হলে বা হারিয়ে গেলে অথবা বিনষ্ট হলে ক্ষতিপূরণ বাবদ অর্থ কার্যাদেশ প্রাপ্ত পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে।

০৪। পরিবহন কালে কাজের স্বার্থে অপসারণ ও স্থাপন কাজে অন্য কোন মালামাল স্থানান্তরের প্রয়োজন হলে তা নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে।

০৫। দরপত্রে কোনরুপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে ১০/১৪ এমভিএ তিন ফেজ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের ( ঝুঁকি বীমাসহ) দরপত্র কথাটি লিখতে হবে।

০৬। দর দাখিলকারী প্রতিষ্ঠানের অবশ্যই বাপবিবোর্ড এর পরিবহন ঠিকাদারী লাইসেন্স থাকতে হবে।

০৭। কার্যাদেশের শর্তানুযায়ী ১০/১৪ এমভিএ তিনফেজ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করতে হবে।

০৮। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সর্বোচ্চ ০৭(সাত) দিনের মধ্যে ১০/১৪ এমভিএ তিন ফেজ পাওয়ার ট্রান্সফরমার নিজ খরচে ও নিজ দায়িত্বে পরিবহন করে অত্র পবিসের গুরুদাসপুর-১ উপকেন্দ্র, নারিবাড়ি, গুরুদাসপুর,নাটোর হতে তালশো,বড়াইগ্রাম নাটোরস্থ বড়াইগ্রাম-২(তালশো) উপকেন্দ্র এর প্যাডে স্থাপন করতে হবে। উক্ত পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে এতদ সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ ( তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১০% ( দশ শতাংশ) এর অধিক হবে না।

০৯। সন্তোষজনকভাবে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে সমিতির সদর দপ্তর হতে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

১১। ১০/১৪ এমভিএ পাওয়ার ট্রান্সফরমারটি পরিবহন এর সময় যাতে গাছের ডাল, ঝুলন্ত সাইনবোর্ড, রাস্তার উপর আড়াআড়িভাবে থাকা ওভার হেড তার দ্বারা আঘাতপ্রাপ্ত না হয়, ভাঙ্গা রাস্তায় চলার সময় স্থানচ্যুত না হয় কিংবা অস্বাভাবিক ঝাকুঁনী না লাগে, সেজন্য বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। বিশেষ করে বুশিং ও লাইটনিং এ্যারেষ্টার সুরক্ষিত রেখে পরিবহন করতে হবে।

১২। পরিবহনকালে কালভার্ট বা রাস্তা বা গাছপালার ক্ষতি হলে তা কর্তৃপক্ষ দাবী করলে নিজ দায়িত্বে তা পূরণ করতে হবে।

১৩। পরিবহনের পূর্বে পরিবহনের রুট পরিদর্শন করতে হবে।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১৫। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে ।

24/01/24

( প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)
জেনারেল ম্যানেজার ।

অনুলিপিঃ(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।

০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।

০৪। জেলা প্রশাসক, নাটোর।

০৫। পুলিশ সুপার, নাটোর।

০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।

০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, নাটোর।

০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------পবিস-১/২/৩/৪।

০৯। নির্বাহী প্রকৌশলী, সিস্টেম অপারেশন ও বিতরণ, বাপবিবো, নাটোর।

১০। উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর, উপজেলা, নাটোর।

১১। ডেপুটি জেনারেল ম্যানেজার (সদর-কারিগরি/গুরুদাসপুর) জোনাল অফিস, নাপবিস-২।

১২। সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), লক্ষীকোল সাব জোনাল অফিস, নাপবিস-২।

১৩। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), নাপবিস-২।

(০৪–১৩: নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

১৪। এজিএম (আইটি), নাপবিস-২ (ওয়েবসাইটে ও ই-মেইলে প্রকাশের নির্দেশনা প্রদানসহ ই-মেইলে প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের প্রমানক প্রিন্ট করে সংশ্লিষ্ট ফাইলে রাখার জন্য)।

১৫। নোটিশ বোর্ড, নাপবিস-২।

১৬। অফিস কপি/মাস্টার ফাইল।

24/01/24

( প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)
জেনারেল ম্যানেজার ।

E:\RFQ NEW-21.08.22\New folder\RFQ Schedule\300-38, RFQ 21.08.22 (Repaired).docx